ধামরাই সরকারি কলেজ, ঢাকা

একাদশ ( মানবিক ) অর্ধ-বার্ষিক পরীক্ষা -২০২৩

বিষয় : সমাজকর্ম ১ম ও ২য় পত্র

সময় : ২ ঘন্টা ৩০ মি: পূর্ণমান-৭০

সৃজনশীল প্রশ্ন

**১ম পত্র (যেকোন ৩ টি প্রশ্নের উত্তর দাও )**

১)নিশা বিশ্ববিদ্যালয় থেকে বিশেষ একটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি লাভ করে । যার সম্মান ও মাস্টার্স উভয় শ্রেনীতে ৬০ কর্ম দিবসের মাঠকর্ম রয়েছে । বিষয়টির প্রয়োজনীয়তা দিন দিন বৃদ্ধি পাচেছ ।

ক. সমাজকর্ম কোন ধরনের বিজ্ঞান ? ১

খ. সমাজকর্ম একটি পদ্ধতিনির্ভর সমাধান প্রক্রিয়া - ব্যাখা কর । ২

গ. নিশা যে বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করছে তার বৈশিষ্ট্য বর্ণনা কর । ৩

ঘ. উদ্দীপকে ইঙ্গিতকৃত বিষয়টি পাঠের আবশ্যকতা বিশ্লেষন কর । ৪

২)করিম তার বাবা মা , ভাই বোন নিয়ে পাবনায় বসবাস করে । সম্প্রতি তাকে কুড়িগ্রামে বদলি করা হয় । ফলে তিনি তার স্ত্রী ও সন্তানদের নিয়ে কুড়িগ্রামে চলে যান । তার বাবা মা পাবনার বাসায় নিরাপত্তাহীনভাবে বসবাস করে ।

ক. নগরায়ন কী ? ১

খ. শিল্প বিপ্লবের ধারনা ব্যাখা- কর । ২

গ. উদ্দীপকে শিল্প বিপ্লবের কোন নেতিবাচক দিকের প্রভাব পরিলক্ষিত হয়েছে ? ব্যাখা কর । ৩

ঘ. উদ্দীপকে সমস্যা সমাধানে সমাজকর্মে জ্ঞান কীভাবে প্রয়োগ করা যায় ? ৪

৩) রীমা ও সীমা ঢাকা মেডিকেল থেকে এমবিবিএস ডিগ্রি লাভ করে । সীমা একটি হাসপাতালে রোগী দেখেন এবং রীমা কসমেটিকস ব্যবসা করেন ।

ক. সমাজকর্মের পেশাগত সংগঠনের সূচনা হয় কত সালে ? ১

খ. সামাজিক স্বীকৃতি পেশার অন্যতম বৈশিষ্ট্য --ব্যাথা কর । ২

গ. রীমা জীবিকা অর্জনের কোন উপায়টি বেছে নিয়েছে ? ৩

ঘ. রীমা ও সীমার জীবিকা অর্জনের উপায় ২ টির বৈসাদৃশ্য নির্ণয় কর । ৪

৪)লিজা ঢাকা বিশ্ববিদ্যালয়ে সামাজিক বিজ্ঞানের এমন একটি বিষয় নিয়ে অধ্যায়ন করছে যে বিষয়টি বৈজ্ঞানিক জ্ঞান , ব্যবহারিক দক্ষতা ও সুনিদিষ্ট মূল্যবোধভিত্তিক এমন একটি পেশা যা কতগুলো পদ্ধতির মাধ্যমে সামাজিক সমস্যা বিজ্ঞান সম্মত সমাধান দিতে সক্ষম ।

ক. সমাজকর্ম কী ? ১

খ. সমাজকমের্র উদ্ভব ঘটেছে কেন ? ২

গ. উদ্দীপকে লিজা সামাজিক বিজ্ঞানের কোন বিষয় অধ্যায়ন করছে ? ব্যাখা কর । ৩

ঘ. উদ্দীপকে লিজার অধ্যায়নকৃত বিষয়টির জ্ঞান সামাজিক সমস্যা সমাধানে কীভাবে ভূমিকা রাখতে পারে ? ৪

৫)'কদম আলী ঢাকা শহরের একটি ছোটখাটো ভিক্ষুক দলের সর্দার । তার ভিক্ষুক দলে রয়েছে শারীরিক এবং বাকপ্রতিবন্ধী চারজন সদস্য । এছাড়া রয়েছে দিপু নামের এক অনাথ শিশু । এরা সকলে নানা অঙ্গভঙ্গির মাধ্যমে পথচারীরে সহনুভুতিপূর্ণ দৃষ্টি আকর্ষন করে ভিক্ষা আদায় করে

ক. cos কী ? ১

খ. শিল্প দূর্ঘটনা বলতে কী বোঝায় ? ২

গ. উদ্দীপকের দিপু ১৬০১ সালের দরিদ্র আইন অনুযায়ী কোন শ্রেনীর দরিদ্র বলে বিবেচিত ? ব্যাখা কর । ৩

ঘ. দিপু ছাড়াও উদ্দীপকে বর্নিত অপর শ্রেনীর মানুষের জন্য ১৬০১ সালের দরিদ্র আইনটি যে বিশেষ ভূমিকা রাখতে সক্ষম তা বিশ্লেষণ কর । ৪

**২য় পত্র ( যেকোন ৪ টি প্রশ্নের উত্তর দাও )**

৬) সুমন আট সন্তানের জনক । পরিবারের সকল সদস্য নিয়ে একই ঘরে বাস করে । অর্থাভাবে সে সন্তানদের স্কুলে পাঠাতে পারছে না । পরিবারের কোন সদস্য অসুস্থ হলে তাকে ডাক্তার দেখানো সম্ভব হয় না। এমনকি তার পরিবারে আনন্দ উৎসব করার মতো কোন ব্যবস্থাও নেই।

ক. বাংলাদেশে মৌল মানবিক চাহিদাগুলোর নাম লিখ । ১

খ. মৌল মানবিক চাহিদার একটি তাৎপর্য ব্যাখা কর । ২

গ. সুমনের পরিবারের অবস্থা মৌল মানবিক চাহিদা পূরণের কোন অবস্থা নির্দেশ করে , নিরুপন কর । ৩

ঘ. সুমনের মতো পরিবারগুলো মৌল মানবিক চাহিদা পূরন করতে না পেরে কী ধরনের সমস্যার সৃষ্টি করে ? ৪

৭) সমাজকর্মী তহমিনা রাতে ঢাকার চিত্র দেখে অবাক হন । রাস্তায়, ফুটপাতে, ষ্টেশনে রাত কাটাচ্ছে বহু মানুষ । তার ধারনা মৌল মানবিক চাহিদা পূরনে ব্যর্থতা থেকে এসব সমস্যার সৃষ্টি ।

ক. মৌল মানবিক চাহিদার সংজ্ঞা দাও । ১
খ. মৌল মানবিক চাহিদা হিসেবে শিক্ষার গুরুত্ব লেখ । ২
গ. উদ্দীপকে যে চাহিদার কথা বলা হয়েছে তার বর্ণনা দাও । ৩
ঘ. উদ্দীপকে শেষের উক্তিটি কতটুকু যুক্তিসংগত, মতামত দাও । ৪

৮) রহিমা ভীষণ অসুস্থ । সমাজকর্মী কনা তাকে একটি হাসপাতালে ভর্তি করিয়ে দেন । তার সহায়তা রহিমার বিনামূল্যে চিকিৎসার ব্যবস্থা হয় । কনা হলো ওই হাসপাতালের সমাজসেবা বিভাগের একজন দায়িত্বপ্রাপ্ত অফিসার । এজন্য এ কাজ করা তার জন্য সহজ হয়েছে ।
'ক. চিকিৎসা সমাজকর্ম বাংলাদেশে কত সালে চালু হয় ? ১
খ. বিদ্যালয় সমাজকর্ম বলতে কী বোঝ ? ২
গ. উদ্দীপকে বর্নিত কনার কার্যক্রম সমাজকর্মের কোন শাখাকে ইঙ্গিত করে ? ব্যাখা কর । ৩
ঘ. উদ্দীপকে কনা সংশ্লিস্ট শাখার একজন সমাজকর্মী হিসেবে আর কী কী ভূমিকা পালন করতে পারে ? বিশ্লেষণ কর । ৪

৯) শাহনাজ একজন পেশাদার সমাজকর্মী । তিনি সমাজকর্মের একটি বিশেষ শাখার জ্ঞান, দক্ষতা ও পদ্ধতি প্রয়োগ করে ব্যক্তি ও পরিবারের মনোদৈহিক, সামাজিক নিস্ক্রিয়তা , অক্ষমতা, জড়তা ইত্যাদি সমস্যা সমাধান ও প্রতিরোধে সাহায্য করে থাকেন ।
ক. প্রবীণ কারা ? ১
খ. শিল্প সমাজকর্ম বলতে কী বুঝ ? ২
গ. উদ্দীপকে উল্লিখিত সমাজকর্মীর কাজ আলোচনা কর। ৩
ঘ. বাংলাদেশের ক্ষেত্রে উদ্দীপকে উল্লিখিত শাখাটির গুরুত্ব মূল্যায়ন কর । ৪

১০) রবিন কৃষিকাজ করে । সে আঠার বছর বয়সে চৌদ্দ বছরের সেলিনাকে বিয়ে করে । বিয়ের দুই বছরের মধ্যে তাদের একটি কন্যা সন্তান হয় । এরপর একটি পুত্র সন্তানের প্রত্যাশায় পর পর পাচটি কন্যা সন্তান জন্ম দেন ।
ক. অপুষ্টি কী ? ১
খ. বাল্যবিবাহ বলতে কী বোঝায় ? ২
গ. উদ্দীপকে বাংলাদেশের প্রধান কোন সামাজিক সমস্যার কথা বলা হয়েছে --ব্যাখা কর । ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সামাজিক সমস্যা দুটির পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ কর । ৪

১১) দরিদ্র কৃষক মানসুর আলীর চার সন্তান । পৈত্রিক সামান্য জমিতে তিন ছেলেকে নিয়ে চাষাবাদ করে কোনোরকম জীবিকা নির্বাহ করে । আর্থিক টানাপোড়নের মধ্যেও অনেক আশা করে ছোট ছেলে সুমনকে শিক্ষিত করেছে । সুমন অনেক চেষ্টা করেও কর্মসংস্থানের ব্যবস্থা করতে পারছে না । এতে তার মধ্যে হতাশা কাজ করলেও লক্ষ্যে পৌছানোর চেষ্টা চালাচ্ছে ।
ক. সামাজিক সমস্যার ইংরেজী প্রতিশব্দ কী ? ১
খ. সামাজিক সমস্যা পরিমাপযোগ্য - বুঝিয়ে লেখ । ২
গ. উদ্দীপকে সুমনের অবস্থাটি কোন সামাজিক সমস্যার ইঙ্গিত বহন করে ? ব্যাখা কর । ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সুমনের অবস্থার পরিবর্তনে যেসব পদক্ষেপ কার্যকরী ভূমিকা পালন করতে পারে তা বিশ্লেষণ কর । ৪